মারকাযুদ দাওয়াহ আলইসলামিয়া ঢাকা থেকে প্রকাশিত

'আপনে তালাবায়ে কেরাম সে চান্দ জরুরী গুযারিশাত'-এর প্রেক্ষিতে

মারকায কর্তৃপক্ষের প্রতি

খোলা চিঠি

শায়খ আব্দুর রহমান আলী হাফিযাহুল্লাহ

মারকাযুদ দাওয়াহ আলইসলামিয়া ঢাকা থেকে প্রকাশিত

'আপনে তালাবায়ে কেরাম সে চান্দ জরুরী গুযারিশাত' -এর

প্রেক্ষিতে

মারকাযুদ দাওয়াহ কর্তৃপক্ষের প্রতি
খোলা চিঠি

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ

শায়খ আব্দুর রহমান আলী হাফিযাহুল্লাহ

بسم الله الرحمن الرحيم

মারকাযুদ দাওয়াহ আলইসলামিয়া ঢাকা থেকে প্রকাশিত '*আপনে তালাবায়ে কেরাম সে চান্দ জরুরী গুযারিশাত*' (اپنےطلبه كرام سےچند ضروري گزارشات) এর উপর ভিত্তি করে দ্বীনদার শ্রেণির মাঝে চলছে ব্যাপক জল্পনা কল্পনা। বিশেষত আলেম ও তালিবে ইলমদের মাঝে বিষয়টি নিয়ে কিছু প্রশ্ন ও জটিলতার সৃষ্টি হয়েছে। শোনা যাচ্ছে যেখানে সেখানে অসংখ্য প্রশ্ন ও আপত্তি। বিশেষ করে তারা এই পারচাতে শুযূয, মুনকার, গায়রে ফিতরী, মুখতাসার তরিকা, বাতেলে মহয ইত্যাদির যে অপবাদগুলো অন্যদের উপর আরোপ করেছেন, অনেকে মনে করছেন এই পারচাতে তারা নিজেরাই সেই অপবাদগুলোর শিকার হয়েছেন। কোরআন সুন্নাহ ও জুমহুরের বিরুদ্ধে বেশ কিছু দাবি পারচাতে করা হয়েছে। বিষয়গুলো ব্যাপকভাবে আলোচিত হওয়ার কারণে ব্যাপারটি গড়িয়ে যাচ্ছে প্রকাশ্য সমালোচনার দিকে।

এজন্য সর্বত্র ছড়িয়ে থাকা সেই প্রশ্নগুলো গুছিয়ে একটি খোলা চিঠি হিসেবে পেশ করছি। এতে আলোচিত ও সমালোচিত প্রশ্নগুলো মারকাযুদ দাওয়ার গোচরীভূত হলে মারকাযের পক্ষ থেকে এর সঠিক ব্যাখ্যা সরবরাহ করা সহজ হবে। অপর দিকে মারকাযের এ পারচার কারণে একটি পক্ষ মারকাযের বিষয়ে খারাপ ধারণা সৃষ্টি করার পথ খোঁজার চেষ্টা করছে। আবার আরেকটি পক্ষ এ পারচার কারণে চলমান জিহাদ ও আল্লাহর পথের মুজাহিদগণের ব্যাপারে প্রচার করছে বিভিন্ন রকমের খারাপ ধারণা ও অশালীন বক্তব্য, সেই সাথে করে চলেছে জিহাদী কার্যক্রমের প্রকাশ্য বিরোধিতা। আর পারচার মাঝে যে কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দেয়া হয়নি বা কোন দাবির পক্ষে কোন দলিল দেয়া হয়নি সে বিষয়ের প্রতি কোন প্রকার ভ্রূক্ষেপ না করে তারা চেষ্টা করছে এ পারচার উদ্ধৃতি দিয়ে নিজেদের অসৎ উদ্দেশ্য হাসিল করার। তাহকীকী দৃষ্টিতে পারচার অনেকগুলো বিষয়ই আমার কাছে কুরআন সুন্নাহ ও ফিকহের সিদ্ধান্তের বিপরীত বলে মনে হয়েছে। এসব বিষয়কে সামনে রেখে আমার মনে হয়েছে পারচা সম্পর্কে আলোচিত প্রশ্নসম্বলিত একটি খোলাচিঠি জনসমক্ষে এবং মারকায কতৃপক্ষের বিবেচনায়ও আসা দরকার। যাতে মারকায তার সিদ্ধান্তগুলোর দলিলভিত্তিক ব্যাখ্যা সামনে নিয়ে আসে এবং মারকাযের প্রতি যারা প্রয়োজনের

অতিরিক্ত ভক্তি ও আস্থা প্রকাশ করতে চায় এবং কোন প্রকার দলিল প্রমাণ ছাড়াই যারা মারকাযের পারচার অস্পষ্ট ও সংশয়পূর্ণ কথাগুলোকে হরফে আখির মনে করে, তারা যেন এ পরচার সিদ্ধান্তগুলোকে প্রশ্নের ঊর্ধ্বে মনে না করে।

আল্লাহ আপনাদেরকে জাযায়ে খায়ের দান করুন এবং উম্মতে মুসলিমার জন্য আপনাদেরকে দীর্ঘ হায়াত দান করুন। আমীন।

এক) বলা হয়েছে: সাহাবায়ে কেরাম, সালাফে সালেহীন ও আমাদের নিকট আকাবির ওলামায়ে কেরামের জীবনী অধ্যয়ন উপকারী হবে।

(صحابئه كرام، سلف صالحين، اور همارے قريبي دور كے اكابر كے سوانح كا مطالعه ان شاء الله تعالى مفيد رهے گا)

নিবেদন হচ্ছে, তিনটি স্তরের সালাফের জীবনী অধ্যয়ন করতে গেলে এমন কিছু বিপরীত প্রতিচ্ছবি সামনে আসে, যার পারস্পরিক তাতবীক-সামঞ্জস্যসাধন আমাদের জন্য মুশকিল হয়ে যায়। এসব ক্ষেত্রে তারজীহ-প্রাধান্য দেয়ার কিছু মূলনীতি সামনে আসলে আমাদের জন্য সিদ্ধান্ত নিতে সুবিধা হবে। বিশেষত যেহেতু মুহতারাম আসাতিযায়ে কেরামকে সব সময় সহজে পাওয়া যায় না।

দুই) বলা হয়েছে: এখানকার আসাতিযা ও তালাবাদের পরস্পরের ফিকরী ঐক্য সৃষ্টি করার চেষ্টা করলে খুবই ভালো হবে।

(یہاں کے متخرجین اور اساتذہ وطلبہ آپس میں فکري وحدت پیدا کرنے کي کوشش کریں تو بہت ہي مناسب ہے)

নিবেদন হচ্ছে, মারকাযের পরিধি এখন অনেক বিস্তৃত। যার ফলে ফিকরের তানাওউ-বৈচিত্র্যও এখন একটি স্বীকৃত বাস্তবতা। এমনকি মাওলানা যুবায়ের সাহেবও তাঁর ফিকরের বিষয়ে দাবি করে থাকেন যে, তিনি এখনো মারকাযের মূল ফিকর থেকে বের হননি, হওয়ার ইচ্ছাও নেই। এমতাবস্থায় মারকাযের মৌলিক ফিকরগুলো যদি সুবিন্যস্তরূপে সামনে এসে যায়, তাহলে ফিকরী ইনহিরাফের ভুল-শুদ্ধ নির্ণয় আমাদের জন্য সহজ হবে।

তিন) বলা হয়েছে: অহংকার হচ্ছে সবচাইতে বেশি ক্ষতিকর রোগ। একটু পরে এ অহংকারকে 'গুরুরল ইলম ও গুরুরুল ইহতিদা' বলে ব্যক্ত করা হয়েছে। (سب سے زیادہ مہلك بیماري عجب وغرور ... غرور العلم اور غرور الاهتداء)

নিবেদন হচ্ছে, অহংকার তো একটি ব্যাপক রোগ যার বিভিন্ন বহিঃপ্রকাশ রয়েছে এবং যেগুলোর বিভিন্ন উদাহরণ তাযকিয়া ও ইহসানের বিভিন্ন কিতাবে চিহ্নিত করা

হয়েছে। এমনিভাবে ‘গুরুরুল ইলম’ও একটি আলোচিত বিষয়। কিন্তু ‘গুরুরুল ইহতিদা’ একটি নতুন পরিভাষা বলে মনে হচ্ছে। এর উদ্দেশ্য আরেকটু স্পষ্ট হলে আমরা উপকৃত হতে পারতাম।

‘গুরুরুল ইলম ও গুরুরুল ইহতিদা’ একসঙ্গে ব্যবহার করা থেকে এর যে উদ্দেশ্য আমরা অনুমান করেছি তা হচ্ছে- আমরা আমাদের ক্ষুদ্র ইলমের আলোকে যা সঠিক মনে করেছি, সে সঠিকের উপর চলতে পেরে নিজেদেরকে সঠিক পথের পথিক বা হেদায়াতপ্রাপ্ত মনে করছি। হুজুরের দৃষ্টিতে, আমরা ইলমের আলোকে গৃহীত সিদ্ধান্তটিকে যে সঠিক মনে করছি এটা হচ্ছে ‘গুরুরুল ইলম’। আর সে ইলমের আলোকে চলতে পেরে নিজেকে সঠিক পথের পথিক বা হেদায়াতপ্রাপ্ত মনে করা হচ্ছে ‘গুরুরুল ইহতিদা’। আমি এমনটিই বুঝেছি। এ বুঝ ভুল হয়ে থাকলে এর আরেকটু তফসীল আসলে ভালো হবে।

আর যদি কথা তাই হয় যা আমি বুঝেছি তাহলে জানার বিষয় হচ্ছে, আহলে ইলমতো অবশ্যই, যে কোন একজন মুসলমানও তার সাধ্যানুযায়ী চেষ্টার পর প্রাপ্ত ইলম অনুযায়ী যদি একটি সিদ্ধান্তে পৌঁছে এবং সে অনুযায়ী চলতে পেরে নিজেকে হিদায়াতের উপর আছে বলে মনে করে, তাহলে এটা তার ‘গুরুরুল ইলম ও গুরুরুল ইহতিদা’ হবে? না কি

এটাই তার করণীয়? এটা যদি তার ‘গুরুর’ হয় তাহলে তার করণীয় কী?

এখানে সম্ভবত হুজুরের বক্তব্য এবং আমাদের বুঝের মাঝে সামান্য ফাঁক রয়ে গেছে যা আমরা ধরতে পারছি না। তাই হুজুরই এর সুন্দর সমাধান দিতে পারবেন বলে আশা করছি।

আর যদি হুজুরের উদ্দেশ্য হয়, প্রত্যেকে তার উস্তাযের সঙ্গে মতবিনিময় করে সিদ্ধান্ত নিলে এ ‘গুরুর’ কেটে যাবে, তাহলে জানার বিষয় হচ্ছে, যেসব বিষয়ে উস্তাযের সঙ্গে মতবিনিময় করার সুযোগ হবে না, সেসব বিষয়ে করণীয় কী? বা যত দিন পর্যন্ত উস্তাযের সঙ্গে মতবিনিময়ের সুযোগ হবে না ততদিন পর্যন্ত করণীয় কী?

চার) বলা হয়েছে: নির্ধারিত যে যিম্মাদারীসমূহ রয়েছে সেগুলোকে যথাযথ আদায় করার পর যে সময়টুকু থাকে তার খুব মূল্যায়ন করা চাই।

(جو متعين ذمداريان هيں انهيں كما حقه ادا كرنے كے بعد جو وقت بچتا هے اس كي بهت قدر كرني چاهئے)

নিবেদন হচ্ছে, আমার মনে হয়, নির্ধারিত যিম্মাদারীর তালিকার শুরুতে ফরযে আইন আমলগুলোই আগে আসবে।

আর এদিকে ফরযে আইনের তালিকা নিয়ে বড় রকমের পেরেশানী এবং অস্বাভাবিক দ্বিমত চলছে। দ্বিতীয়ত, ইলমের অঙ্গনগুলো যেসব কাজের শিরোনাম নিয়ে নিজেদের সময় ও মেধা ব্যয় করে চলেছে সেগুলো আদৌ ফরয কি না? অথবা মূল আমলটি ফরয হয়ে থাকলে দৈনন্দিন কতটুকু ফরযের জন্য ব্যয় হচ্ছে এবং কতটুকু মুস্তাহাব ও মুবাহের জন্য ব্যবহার হচ্ছে -এ নিয়ে বড় ধরনের কাশমাকাশ চলছে। এমতাবস্থায় মারকায থেকে যদি ফরযে আইন ও ফরযে কেফায়ার একটি সুবিন্যস্ত তালিকা সামনে এসে যেত এবং তারতীবুল আমালের বিবেচনায় এর একটি বিন্যস্ত রূপও এসে যেত তাহলে আমাদের সিদ্ধান্তগুলোর ভুল কমে আসত। তারতীবুল আমালের তালিকা অনুযায়ী আমরা আমাদের জীবনকে সাজাতে পারতাম।

পাঁচ) বলা হয়েছে: জিহাদ, ইসলামী রাজনীতি, পশ্চিমা রাজনীতি, ফেতনা, সন্ত্রাস, হিজরত, খেলাফত প্রতিষ্ঠা, সংবিধান, মানবরচিত আইন ইত্যাদি জটিল বিষয়ে অধ্যয়নের পাশাপাশি মধ্যমপন্থী মানসিকতার অধিকারী আহলে দিল ও আহলে ফিকহের সঙ্গে মতবিনিময় করবে। (جهاد، اسلامي سياست، مغربي نظامهائے سياست، فساد وارهاب، هجرت، اقامت خلافت، دستور مملكت، قوانين وضعيه اس طرح کے بهت سے نازك ثقيل موضوعات

مطالعه کے ساتھ معتدل مزاج اهل دل اور اهل فقه سے
(مذاکره ومشاوره بهي کر لیا جائے

নিবেদন হচ্ছে, দু'টি:

১. আহলে দিল ও আহলে ফিকহের পাশাপাশি আহলে তাজরিবা অর্থাৎ প্রত্যেকটি বিষয়ের ক্ষেত্রে যারা ফিলহাল কর্মের অঙ্গনে রয়েছেন তাদের সঙ্গে মতবিনিময় করার বিষয়টিও এখানে সংযোজন করে দেয়া হলে ভালো হত মনে হচ্ছে। যদিও আহলে ফিকহ বললে বিষয়টি হয়তো প্রাসঙ্গিকভাবে চলে আসে, কিন্তু অধিকাংশ মানুষই তা থেকে তা বুঝবে না।

২. মধ্যমপন্থী বলতে বর্তমানে ধারণা করা হয়, যাদের চলন-বলন-লিখনে কারো গায়ে ও মনে কোন প্রকার আঁচড় ও আঘাত লাগে না। বস্তুত মুদাহিন ও মুতাদিল শব্দ দু'টি এখন একাকার হয়ে গেছে। এমতাবস্থায় মুতাদিল মেজাজের সহজ একটি পরিচয় দেয়া থাকলে আমাদের জন্য সহজ হত।

ছয়) বলা হয়েছে: এক দিকে জিহাদের ব্যাপারে তাফরীতের এমন ভয়ংকর রূপ সামনে, অপর দিকে ইফরাতেরও এক

পরিস্থিতি বিরাজ করছে। (ايك طرف تو جهاد كے بارے ميں تفريط كي شكل ميں يه خطرناك قسم كا تطرف، دوسري طرف افراط كي شكل ميں ايك دوسرے نوع كا تطرف بهي پاياجاتا هے)

নিবেদন হচ্ছে, মারকাযের ফুযালা এবং গায়রে ফুযালার অনেকের পক্ষ থেকে একটি প্রশ্ন আসছে যে, ইফরাতের প্রতিরোধে মারকাযের যে পরিমাণ তৎপরতা পরিলক্ষিত হচ্ছে, তাফরীতের প্রতিরোধে এমন কিছু দেখা যায়নি। বরং বলা যায় ইফরাতের প্রতিরোধ করতে গিয়ে দ্বিপক্ষীয় ব্যালেন্স-ভারসাম্য ঠিক রাখার জন্য প্রসঙ্গক্রমে তাফরীতের কিছু বিষয় উঠে এসেছে। ইফরাতের জন্য কার্যক্ষেত্রে পদক্ষেপ নেয়া হয়েছে, পক্ষান্তরে তাফরীতে বিষয়ে এমন কোন পদক্ষেপ এখনো নেয়া হয়নি। এর হেকমত বা গূঢ় রহস্য বা সুবিধা-অসুবিধা জানতে পারলে আমাদের জন্য একটু সুবিধা হত। কারণ আমরা যারা মারকাযকে ভালোবাসি, তারা প্রায়ই এমন প্রশ্নের মুখোমুখি হই।

উদাহরণস্বরূপ, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদ মৌলিকভাবে কুফর হওয়া সত্ত্বেও এর ধারক বাহক ও প্রচারকদের থেকে বারাআত যাহের করাকে মারকায কর্তৃপক্ষ সে পরিমাণ জরুরী মনে করেননি যে পরিমাণ এর বিরুদ্ধপক্ষ থেকে বারাআত যাহের করাকে জরুরী মনে করেছেন। এমনিভাবে

যারা জিহাদের জন্য কোন পদ্ধতিকেই বৈধ বলে স্বীকৃতি দেয়নি তাদের প্রতিরোধে সে পরিমাণ মেধা ব্যায় করা হয়নি, যে পরিমাণ মেধা ব্যয় করা হয়েছে সেসব লোকদের প্রতিরোধে, যারা জিহাদের শিরোনামে কিছু কাজ করতে চায়। এগুলোর ইলমী বিশ্লেষণ সামনে এসে গেলে আমাদের জন্য ভালো হবে ইনশাআল্লাহ।

সাত) বলা হয়েছে: জিহাদের স্বভাবজাত পদ্ধতি হচ্ছে, যমিনের কর্তৃত্ব অর্জিত হলে পরে জিহাদ করার পর্ব আসবে। (احياء فريضئه جهاد كا فطري طريقه يه هے كه پهلے تمكن في الارض حاصل هوگا)

নিবেদন হচ্ছে, যমিনের কর্তৃত্ব অর্জিত হওয়ার ফিতরী-স্বভাবজাত পদ্ধতি কী? দিফা ও ইকদাম উভয় ক্ষেত্রের জন্য এ কথা বলা হয়েছে? না কি শুধুমাত্র ইকদামের জন্য বলা হয়েছে? বিষয়গুলো একটু বেশি রকমের মুজমাল হওয়ার কারণে পেরেশানী হয়ে যাচ্ছে।

আট) বলা হয়েছে: জিহাদের ফিতরী পদ্ধতি হচ্ছে, বলিষ্ঠ শক্তিশালী ইসলামী ইমারাহ প্রতিষ্ঠিত হওয়ার পর জিহাদের পর্ব আসবে। (قوت قاهره والي اسلامي امارت قائم هوگي)

নিবেদন হচ্ছে, শত্রু ইসলামী ইমারাহ ধ্বংস করে দেয়ার পর তা উদ্ধার করার জন্য জিহাদ করবে? না কি শক্তিশালী ইসলামী ইমারাহ প্রতিষ্ঠা করবে? জিহাদ না করে ইসলামী ইমারাহ প্রতিষ্ঠার পদ্ধতি কী? তাছাড়া ইসলামী ইমারাহ ছাড়া জিহাদের বৈধ কোনো পদ্ধতি আছে কি না? না থাকলে ফুকাহায়ে কেরাম যে বলেছেন, দিফায়ী জিহাদের জন্য কোন শর্ত নেই, তাঁদের সেসব কথার ব্যাখ্যা কী?

নয়) বলা হয়েছে: আমীরুল মুমিনীন আমর বিল মারূফ ও নাহি আনিল মুনকারের অন্যান্য বিভাগের ন্যায় জিহাদের বিভাগটিকেও যিন্দা করবে। (امیر المؤمنین امر بالمعروف اور نهي عن المنكر کے سارے شعبوں کي طرح شعبه جهاد کو بھ اسلامي احکام کے مطابق زنده کریں گے)

নিবেদন হচ্ছে, জিহাদ হল কুফর শিরককে নিশ্চিহ্ন করে পদানত করে ইসলামের কালিমাকে প্রতিষ্ঠিত করার জন্য। জিহাদ হচ্ছে, আমর বিল মারূফ ও নাহি আনিল মুনকারের সকল বিভাগ বাস্তবায়ন করার মওকূফ আলাইহি। যেকোন ভূখণ্ডে ইসলাম প্রতিষ্ঠার আগের কাজ হচ্ছে জিহাদ এবং পরের কাজ হচ্ছে আমর বিলমারূফ ও নাহি আনিল মুনকারের অন্য সকল বিভাগের বাস্তবায়ন। এমতাবস্থায় আমর বিলমারূফ ও নাহি আনিল মুনকারের অন্যান্য

বিভাগের সঙ্গে জিহাদকে একই স্তরে শুমার করা হলে এর ফলাফল কী দাঁড়াবে? হুজুর এখানে নফল জিহাদের কথা বলতে চাচ্ছেন? না কি ফরয জিহাদের কথা বলতে চাচ্ছেন? একটু পরিষ্কার হলে ভালো হবে।

দশ) বলা হয়েছে: তামাক্কুন ফিল আরদ লাগবে। (تمكن في الارض)

নিবেদন হচ্ছে, এখানে কয়েকটি জানার বিষয় রয়েছে। যথাক্রমে:

১. এ তামাক্কুন যে কোন প্রকারের জিহাদের ক্ষেত্রে প্রযোজ্য? না কি বিশেষ কোন প্রকারের জিহাদের ক্ষেত্রে প্রযোজ্য?

২. এ তামাক্কুন কতটুকু ভূখণ্ড জুড়ে হলে পরে জিহাদের হুকুম আসবে?

৩. বিশ্বের যেকোন প্রান্তে যদি এ তামাক্কুন অর্জিত হয়ে যায় তাহলে পৃথিবীর অন্যান্য মুসলমানদের করণীয় কী?

৪. আর যদি বিশ্বের কোথাও তামাক্কুন অর্জিত না হয় তাহলে সারা বিশ্বের মুসলমানদের করণীয় কী?

উল্লেখ্য, বিশ্বের কোথাও মুসলমানদের তামাক্কুন না থাকার অর্থ হচ্ছে, হাজার দেড় হাজার বছরের মুসলিম ভূখণ্ডগুলোর সব এখন অমুসলিমদের হাতে। অর্থাৎ দারুল ইসলামগুলো সব এখন দারুল হারবে পরিণত হয়েছে। এখন মাসআলা হচ্ছে, মুসলমানদের ভূখণ্ডগুলো পুনরুদ্ধার করার মাসআলা। অর্থাৎ দিফার মাসআলা। ইকদামের মাসআলা নয়। এ অবস্থায় তামাক্কুনের শর্ত প্রযোজ্য কি না, একটু নিশ্চিত হওয়া দরকার।

এগারো) বলা হয়েছে: বাস্তবিক সামর্থ্য (কাল্পনিক সামর্থ্য নয়) (حقيقي استطاعت (وهمي استطاعت نهيں)

নিবেদন হচ্ছে, এখানে পর্যায়ক্রমে কয়েকটি জানার বিষয় রয়েছে। যথাক্রমে:

১. মুসলমানদের সংখ্যা হিসাবে সামর্থ্য নির্ধারিত হবে? যেমন কুরআনে সংখ্যার কথাই বলা হয়েছে। না কি আসবাবের সামর্থ্যের বিবেচনা করা হবে?

২. সীরাত ও ইসলামের ইতিহাসে যে পরিমাণ সামর্থ্যের ভিত্তিতে মুসলমানরা কাফেরদের বিরুদ্ধে লড়াই চালিয়ে গেছে, সে সামর্থ্যকেই মাপকাঠি বানানো হবে? না কি বর্তমানে ভিন্ন কোন মাপকাঠি তৈরি করা হবে?

৩. আকাবিরে দেওবন্দ যে সামর্থ্যের ভিত্তিতে ইংরেজদের বিরুদ্ধে জিহাদ করেছিলেন তাকে বাস্তবিক সামর্থ্য বলা হবে? না কি কাল্পনিক সামর্থ্য বলা হবে?

৪. সাইয়েদ আহমদ শহীদ রহ. ও ইসমাঈল শহীদ রহ. যে সামর্থ্য নিয়ে জিহাদ করেছিলেন, তা বাস্তবিক সামর্থ্য ছিল? না কাল্পনিক সামর্থ্য ছিল?

৫. আফগান মুজাহিদরা যে সুপার পাওয়ার রাশিয়ার সঙ্গে জিহাদ করেছিল সে ক্ষেত্রে তাদের সামর্থ্য কাল্পনিক ছিল? না বাস্তবিক ছিল?

৬. বর্তমান তালিবান যে বিশ্বের সম্মিলিত কুফরী শক্তির বিরুদ্ধে লড়ে চলেছে তা বাস্তবিক সামর্থ্যের ভিত্তিতে চলছে? না কি কাল্পনিক সামর্থ্যের ভিত্তিতে? মোটকথা বাস্তবিক সামর্থ্য ও কাল্পনিক সামর্থ্যের যদি একটি মাপকাঠি দিয়ে দেয়া হয়, তাহলে এসব বিষয়ে বিতর্কের সূত্র আশা করি খুব বেশি দীর্ঘ হতে পারবে না।

৭. মুসলমানদের পর্যাপ্ত জনসংখ্যাও আছে, অর্থও আছে, ভূখণ্ডও আছে। এখন ভূখণ্ডের অধিকারীরা ভূখণ্ড দিতে রাজি নয়, অর্থ ওয়ালারা অর্থ দিতে রাজি নয়, আর শত কোটি মুসলমান অমুসলিদের বিরুদ্ধে

জিহাদ করার জন্য এক হতে রাজি নয়। মোটকথা সমন্বয় না হওয়ার কারণে সামর্থ্য আছে বলে সাব্যস্ত হয়নি - এ ওজরে জিহাদের ফরয দায়িত্ব আর ফরয থাকবে না এমন কথা বলা যাবে কি না?

৮. আর যদি এ কথাই সাব্যস্ত হয় যে, সামর্থ্য নেই তাহলে সামর্থ্য অর্জন করার দায়িত্ব কার? সামর্থ্য অর্জনের পদ্ধতি কী? সীরাত ও ইসলামের ইতিহাসে এর যেসব নমুনা পাওয়া যায় তার আলোকে একটি পরিকল্পনা দেয়া হলে উম্মত এ ফরয দায়িত্বটি আদায় করার পথ খুঁজে পেত।

বারো) বলা হয়েছে: বলিষ্ঠ শক্তিশালী ইমারাতের অনুমতি ব্যতীত জিহাদ করতে যাওয়া সুন্নাত নির্দেশিত জিহাদ নয়। (اور امارت قاهره كي اجازت و نگراني كے بغير جهاد كرنے جانا يه جهاد كا وه طريقه نهيں جسے سنت نبويه ..)

নিবেদন হচ্ছে, কুরআন হাদীসের উদ্ধৃতি দিয়ে ফিকহের কিতাবাদিতে জিহাদের এমন কিছু ক্ষেত্রের কথাও উল্লেখ করা হয়েছে যে ক্ষেত্রে ইমারাতের অনুমতি ছাড়াই জিহাদ করার ফরয হুকুম রয়েছে, এমনকি এমন কিছু ক্ষেত্রও রয়েছে যে ক্ষেত্রে ইমারাত নিষেধ করলেও সে নিষেধ উপেক্ষা করে জিহাদ করার ফরয হুকুম রয়েছে।

জিহাদের এ ক্ষেত্রগুলোর সঠিক ক্ষেত্র চিহ্নিত করে দিলে কিতাবের এ ইবারাতগুলো হল করা আমাদের জন্য সহজ হবে।

তেরো) বলা হয়েছে: বিশেষভাবে যদি সে পদ্ধতিই মুনকার হয়। (خاص طور پر اگر وہ طریقہ بذات خود منکر ہو)

নিবেদন হচ্ছে, জিহাদের পথই হচ্ছে হত্যা ও রক্তপাতের। এ কারণে যারাই বর্তমানে নিজেদেরকে মুতাদিল বলে প্রকাশ করতে ও প্রতিষ্ঠিত করতে চায়, তারা সাধারাণত হত্যা ও রক্তপাতকেই মুনকার বলে থাকে। বলাবাহুল্য, জিহাদের ময়দানে এমন কিছু বিষয়ে বৈধতা দেয়া আছে, যা জিহাদের ময়দানের বাইরে বৈধ নয়। দেখা যায়, সাধারণভাবে যা বৈধ নয় সে বিষয়গুলোকে তুলে ধরে ধরে জিহাদ অবৈধ হওয়ার বিষয়টিকে প্রমাণিত করার চেষ্টা করা হয়। এ প্রবণতা এখন ব্যাপক। মুতাদিল হিসাবে যারা সমাজে প্রতিষ্ঠিত, তারা এর ধারক বাহক ও প্রচারক। দেওবন্দের মাওলানা আরশাদ মাদানী সাহেব থেকে শুরু করে যাত্রাবাড়ির মাওলানা মাহমুদুল হাসান পর্যন্ত অনুসৃত মুতাদিল ব্যক্তিদের দাবি হচ্ছে, মুসলিম অমুসলিমে লড়াইয়ের কোন ধারণা ইসলামে নেই। আরশাদ মাদানী সাহেবের দাবি হচ্ছে ধর্মের কারণে কখনো ধর্মে ধর্মে যুদ্ধ হয়নি, আর

মাহমুদুল হাসান সাহেবের দাবি হচ্ছে, যুদ্ধ হবে ইবলিস শয়তানের বিরুদ্ধে, কাফেরদের বিরুদ্ধে নয়। এমতাবস্থায় জিহাদের ময়দানে কী কী মুনকার কাজগুলো হচ্ছে, সেগুলো মারকাযের পক্ষ থেকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত হয়ে দলিলের আলোকে এসে গেলে আল্লাহর পথের মুজাহিদগণ আস্থার সঙ্গে সামনে বাড়তে পারতেন। এ খেদমতটুকুর উত্তম জাযা আল্লাহ তাআলা মারকাযকে দান করুন।

চৌদ্দ) বলা হয়েছে: শরীয়তবিরোধী কিছু যদি তার মাঝে থাকে (مخالف شريعت كسي چيز پر مشتمل هو)

নিবেদন হচ্ছে, এ মুতলাক ইবারাত থেকে কেউ কেউ বুঝে বসেছেন, মুজাহিদরা অন্যের স্ত্রীকে নিজের স্ত্রীর মত ভোগ করে, অন্যের মাল লুট করে নিয়ে আসে, অন্যদের ঘরবাড়ি জ্বালিয়ে দেয়, বাবার বিরুদ্ধে অস্ত্রধারণ করে, উস্তাযের বিরুদ্ধে অস্ত্রধারণ করে, বাবার বিরুদ্ধে ও উস্তাযের বিরুদ্ধে অস্ত্রধারণ করতে উদ্বুদ্ধ করে, ইত্যাদি ইত্যাদি। এসবগুলো বিষয়ই শরীয়তবিরোধী। আর এতসব শরীয়তবিরোধী কাজের উপস্থিতিতে একটি জিহাদ বৈধ জিহাদ হতে পারে না। এ ধারণাকে লালন করতে করতে আজকাল যেসকল মুজাহিদ এসকল শরীয়ত বিরোধী কর্মকান্ডে লিপ্ত, তাদের প্রতি ঘৃণায় তাদের অন্তর বিষিয়ে

উঠেছে। এ অশ্রদ্ধা ও ঘৃণার বয়স যখন দীর্ঘকাল অতিক্রান্ত হয়েছে, তখন তারা সীরাত ও ইসলামের ইতিহাসের পাতা উল্টায়। উল্টাতে উল্টাতে তারা যখন জিহাদের পর্বগুলো অতিক্রম করে তখন তারা দেখতে পায়, ইসলামের দিকপাল মহামনীষীগণের জিহাদেও 'শরীয়তবিরোধী' এসব কর্মকান্ড ঘটে চলেছে। সাধারণ অবস্থার শরীয়তবিরোধী কর্মকান্ড আর জিহাদ অবস্থায় শরীয়তবিরোধী কর্মকান্ডের মাঝে তারা পার্থক্য করতে পারে না। কারণ কাজগুলো যে শরীয়তবিরোধী তা তাদেরকে বলা হয়েছে, কিন্তু জিহাদের ক্ষেত্রে যে তার বৈধতা রয়েছে তা তাদেরকে আলাদা করে বলে দেয়া হয়নি।

এমতাবস্থায় মারকাযের কাছে আমাদের আবেদন হচ্ছে, তাঁরা যেন জিহাদের ক্ষেত্রেও যে বিষয়গুলো শরীয়তবিরোধী, তা চিহ্নিত করে দেন এবং উম্মতকে ভয়ংকর দুর্ঘটনায় পতিত হওয়া থেকে রক্ষা করার চেষ্টা করেন। আল্লাহ আপনাদেরকে জাযায়ে খায়ের দান করবেন।

স্মর্তব্য, ওমর ফারুক রাযিয়াল্লাহু আনহু কেন একজন বিচারপ্রার্থীর গর্দান উড়িয়ে দিলেন তার নেপথ্যের ঘটনা তালাশ না করে যদি কেউ তাঁকে ফাঁসির রশিতে ঝুলিয়ে দিতে চায় তাহলে এটা ভুল হবে। এ ভুল থেকে বাঁচার জন্য

ফকীহ, আহলে দিল ও মুতাদিল হওয়া যথেষ্ট নয়। এর জন্য নেপথ্যের ঘটনাটি জানা থাকা জরুরী।

পনেরো) বলা হয়েছে: এ ধরনের কোন আমলে যুক্ত হয়ে জিহাদের ফরয দায়িত্ব আদায় হয়ে যাচ্ছে বলে নিশ্চিন্ত হয়ে যাওয়া সঠিক নয়। (اس نوع کے کسي عمل میں حصه لے کرمطمئن هو جانا که جهاد کا فریضه ادا هو رها هے صحیح نهیں)

নিবেদন হচ্ছে, আমলী ক্ষেত্রে যন্নে গালেব বা প্রবল ধারণার একটা ধর্তব্য রয়েছে। বিশেষত যখন কয়েকটি বিষয় সর্বস্বীকৃত।

১. জিহাদ একটি ফরয আমল।

২. জিহাদ সব সময় চলমান একটি ফরয দায়িত্ব।

৩. জিহাদ ফরযে আইন হওয়ার মত অনেক পরিস্থিতি তৈরি হয়ে আছে।

৪. দীর্ঘকাল যাবত দায়িত্বশীলদের পক্ষ থেকে আমলী কোন প্রোগ্রাম পাওয়া যাচ্ছে না।

৫. জিহাদবিরোধী বহু কার্যক্রম প্রতিনিয়ত অভিনব আঙ্গিকে তৈরি হয়ে আসছে।

এমতাবস্থায় যদি কোন প্রাপ্তবয়স্ক মুসলমানের সামনে এ ফরয দায়িত্ব আদায় করার দলিলভিত্তিক কোন সুযোগ আসে এবং সে তার যোগ্যতা অনুযায়ী যন্নে গালেব বা প্রবল ধারণায় পৌঁছতে পারে যে, এ কাজ ও এ পথটি সঠিক, তাহলে একটি অবহেলিত ফরয আদায়ের তৃপ্তি ও নিশ্চয়তা বোধ করা তার জন্য অপরাধ হবে কেন? আরো এক ধাপ এগিয়ে সে তার প্রবল ধারণাকে নিশ্চয়তায় পৌঁছানোর জন্য সমাজের দৃষ্টিতে নির্ভরযোগ্য দারুল ইফতায় ইস্তেফতা করে যদি কোন প্রকার ইলমী দিকনির্দেশনা না পেয়ে গালমন্দ খেতে হয়, তখন তার করণীয় কী হবে। উল্লেখ্য, আমি এ কথাগুলো সেসব আকেল বালেগ মুসলমানের পক্ষ থেকে বলছি যারা ইলমী জবাব ও গালমন্দের মাঝে পার্থক্য করতে পারে।

ষোল) বলা হয়েছে: এ ধরনের কাজের দিকে দাওয়াত দেয়াকে জিহাদের দাওয়াত বলা সঠিক নয়। (اس طرح كي كسي عمل كي طرف دعوت دينے كو دعوت الى الجهاد كهنا درست نهيں)

নিবেদন হচ্ছে, যে আকেল বালেগ মুসলমান কোন একটি কাজের বিষয়ে দলিলের আলোকে প্রবল ধারণায় পৌঁছতে পেরেছে যে, এ কাজটি তাকে জিহাদের ফরয

দায়িত্ব আদায়ের মহান লক্ষ্যে পৌঁছে দেবে সে ব্যক্তি এ কাজের প্রতি কাউকে দাওয়াত দেয়াকে জিহাদের দিকে দাওয়াত মনে করলে সমস্যা কোথায়? এখানে তার অপরাধ কী? অথবা বলা যায় এ ক্ষেত্রে তার করণীয় কী? বিষয়গুলো পরিষ্কার হলে আমাদের জন্য সহজ হত!

সতেরো) বলা হয়েছে: এ ধরনের দাওয়াত গ্রহণ না করলে এবং বিরত থাকলে তাকে জিহাদ অস্বীকারকারী বা জিহাদ তরককারী বলা সহীহ নয়। (اس طرح كي دعوت كو قبول نه كي جائے يا اس طرح كي دعوت سے ركے رهنےكے لئے كها جائے تو انكار جهاد يا مداهنت في الجهاد كي تهمت صحيح نهيں)

নিবেদন হচ্ছে, এখানে আমাদের একটি সহজ জানার বিষয় হচ্ছে, এ দাওয়াত কবুল না করে হোক বা কোন দাওয়াতের প্রসঙ্গ ছাড়াই যদি কোন একজন মানুষ আজীবন জিহাদ না করে এবং জিহাদের জন্য কার্যকরী কোন ফিকর না করে জীবন কাটিয়ে দেয় তাহলে তাকে জিহাদ তরককারী বলতে সমস্যা কোথায়? আর এক ধাপ এগিয়ে কোন ব্যক্তির সামনে জিহাদের প্রসঙ্গ উত্থাপন করলেই যদি সে কোন প্রকার আলোচনা পর্যালোচনার আগেই তেলে বেগুনে জ্বলে উঠে তাহলে তার উপর জিহাদ অস্বীকারকারী হওয়ার আভিযোগ আসলে সমস্যা কী? তার কাছে যৌক্তিক

কোন কারণ থাকলে সে আত্মপক্ষ সমর্থন করে নিজেকে বাঁচানোর চেষ্টা করবে। এটা তার দায়িত্ব। কিন্তু জিহাদের বিষয়ে তার এ আচরণের পক্ষে যৌক্তিক কোন জবাব না আসলে তাকে অস্বীকারকারীর কাতারে রাখতে সমস্যা কোথায়?

আঠারো) বলা হয়েছে: কোন ব্যক্তি এ জিহাদের দাওয়াত গ্রহণ না করলে তাকে জিহাদের বিষয়ে মুদাহিন বলে অভিযুক্ত করা সঠিক নয়। (اس طرح كي دعوت كو قبول نه كي جائے تو مداهنت في الجهاد كي تهمت صحيح نهيں)

নিবেদন হচ্ছে, জিহাদের শিরোনামে বর্তমানে বহু দিক থেকেই দাওয়াত আসছে। নির্দিষ্ট কোন একটি দাওয়াতকে গ্রহণ না করলে বলা যাবে না যে, সে ইসলামের জিহাদকে অস্বীকার করে বা তাকে মুদাহিন বলা যাবে না।

তবে এখানে একটি বিষয় আছে যাকে কোনভাবেই এড়িয়ে যাওয়া যায় না। আর তা হচ্ছে, কোন ব্যক্তির সামনে জিহাদের দাওয়াত আসলে যদি সে জিহাদের দাওয়াত গ্রহণ না করে পর্যায়ক্রমে নিম্নোক্ত কথাগুলো বলে ও এ আচরণগুলো করে, তাহলে তাকে মুদাহিন বা অস্বীকারকারী বলতে সমস্যা কী? কথাগুলো যথাক্রমে:

ক) বর্তমানে সশস্ত্র জিহাদ করতে যাওয়া আত্মহত্যার শামিল।

খ) বর্তমানে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন করাই হচ্ছে জিহাদ।

গ) জিহাদ একটি অবধারিত ফরয বিধান, তবে এর পদ্ধতি পরিবর্তনশীল। জিহাদের বর্তমান পদ্ধতি হচ্ছে বর্তমানে প্রচলিত দাওয়াত ও তাবলীগ।

ঘ) বর্তমান বিশ্বের সকল জিহাদী কাফেলাকে ইহুদী-খ্রিস্টানের দালাল বলে আখ্যায়িত করা।

ঙ) বিশ্বের সকল জিহাদী কাফেলাকে সন্ত্রাসী বলে আখ্যায়িত করা।

চ) যেহেতু সারা বিশ্ব এখন জাতিসংঘের অধীনে শান্তি চুক্তিতে আবদ্ধ, তাই জিহাদ করার মত কোন প্রতিপক্ষ নেই।

ছ) যেহেতু সারা বিশ্বের দেশগুলো পরস্পরে শান্তিচুক্তিতে আবদ্ধ, তাই পৃথিবীতে কোন দারুল হারব নেই। অতএব জিহাদ করার কোন ক্ষেত্র নেই।

জ) জিহাদের ফিকর ও জিহাদের কার্যক্রমের সঙ্গে জড়িত ব্যক্তিদের নাম শুনলে যাদের মনটা ঘৃণা ও বিতৃষ্ণায় ভরে উঠে।

ঝ) জিহাদের বিষয়ে আলোচনা পর্যালোচনা করতে গেলে যাদের দেহ-মন বিরক্তিতে ভরে উঠে।

ঞ) মুজাহিদ ও জিহাদের কথা শুনলেই কোন বিচার বিশ্লেষণ ছাড়া সেগুলো বিভ্রান্ত, আবেগতাড়িত, অপরিণামদর্শী, মুসলমানদের জন্য ক্ষতিকর ইত্যাদি বলে উড়িয়ে দেয়।

উল্লিখিত এসকল বিষয়ের উপস্থিতিসহ যদি কেউ জিহাদের দাওয়াত গ্রহণ করা থেকে বিরত থাকে, তাদেরকে জিহাদ অস্বীকারকারী বা মুদাহিন বললে কোন সমস্যা আছে বলে আমাদের মনে হয় না। বাকি হুজুরদের মতামত জানতে পারলে আমাদের সুবিধা হবে।

উনিশ) বলা হয়েছে: জিহাদের ফিতরী পদ্ধতি সাধারণত অনেক দীর্ঘ সময় ও দীর্ঘ চেষ্টা প্রচেষ্টার দাবি রাখে। (جهاد کا فطري طريقه عموما بهت طويل وقت اور طويل محنت کو متقاضي هے)

নিবেদন হচ্ছে, এ কথাটি একটু বুঝে নিতে হবে। জিহাদের ফিতরী পদ্ধতির জন্য দীর্ঘ সময় ও অনেক মেহনতের যে প্রয়োজনের কথা এখানে বলা হয়েছে সে বিষয়ে আমার কিছু নিবেদন। জিহাদ ফরয হওয়া এবং এর বাস্তবায়ন নিয়ে কয়েক পর্যায়ের ধারণা প্রচলিত রয়েছে। যার

কিছু হচ্ছে ফিতরী, আর কিছু হচ্ছে মুহদাস। প্রচলিত প্রত্যেকটি ধারণা অনুযায়ী এর দীর্ঘ মেয়াদের পরিমাণ নির্ধরিত হতে পারে।

যেমন একটি ধারণা হচ্ছে, মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশগুলো দারুল ইসলাম। মানবরচিত আইনে পরিচালিত দেশগুলো দারুল ইসলাম, পরিচালক মুসলমান এবং পরিচালক ও পরিচালকের অধীনস্ত সকল বাহিনী জিহাদের আদেশের মূল মুখাতাব বা সম্বোধিত ব্যক্তি ও কাফেলা। এ ধারণা অনুযায়ী ফিতরী পদ্ধতিতে জিহাদ শুরু করতে দীর্ঘ সময় নেয়ার কোন কারণ নেই। কারণ, এ ধারণা অনুযায়ী তামাক্কুন, বলিষ্ঠ শক্তি, বাস্তবিক সামর্থ্য (কাল্পনিক নয়) ও প্রস্তুতি রয়েছে। এ ক্ষেত্রে দেরির কোন কারণ নেই। দেরি হলে শুধুমাত্র এজন্য হতে পারে যে, জিহাদের কোন ক্ষেত্র নেই। জিহাদ করার কোন প্রয়োজন নেই।

আরেকটি ধারণা হচ্ছে, মুসলিম সংখ্যাগরিষ্ঠ যে দেশগুলো কুরআনের আইনে পরিচালিত না হয়ে মানবরচিত আইনে পরিচালিত হচ্ছে সে দেশগুলো দারুল হারব। সে দেশগুলোর পরিচালকরা কাফের ও মুরতাদ। সে দেশগুলোর আদালত তাগুতের আদালত। সে দেশগুলোর সকল সশস্ত্র বাহিনী কুফরের প্রহরী ও রক্ষক হওয়ার কারণে দলগতভাবে

কাফের ও মুরতাদ। এ ধারণা অনুযায়ী জিহাদ বাস্তবায়নের কয়েকটি পর্যায় রয়েছে।

ক) যে ভূখণ্ডগুলোতে ইসলামী ইমারাহ প্রতিষ্ঠিত হয়ে আল্লাহর আইনের বাস্তবায়ন চলছে, সে ভূখণ্ডের যিম্মাদারগণ নিজেদের ভূখণ্ডের আভ্যন্তরীণ শৃংখলা ঠিক রেখে অপরাপর মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশগুলো থেকে কাফের মুরতাদ সরকার ও কাফের মুরতাদ বাহিনীকে হটিয়ে দেয়ার জন্য তাদের সমরশক্তি ব্যবহার করবে। শত্রু প্রতিরোধে তারা যথেষ্ট না হলে যথেষ্ট হওয়া পর্যন্ত বিশ্বের সকল মুসলমানের উপর ফরয দায়িত্ব হবে ঐ ইমারাতে ইসলামিয়ার সমর বাহিনীকে সহযোগিতা দেয়া। এ ক্ষেত্রে অনেক দীর্ঘ সময়ের কোন বিষয় নেই। বিজয় আসতে দেরি হতে পারে, কিন্তু জিহাদ শুরু করতে অনেক দীর্ঘ সময় নেয়ার কোন কারণ নেই, অনুমতিও নেই।

খ) মুসলিম সংখ্যাগরিষ্ঠ যে দেশগুলোতে কাফের মুরতাদ সরকার ক্ষমতা দখল করে ইসলামী আইনকে বিলুপ্ত করে মানবরচিত আইন প্রতিষ্ঠা করেছে, সে কাফের মুরতাদ সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করা মুসলমানদের তাৎক্ষণিক ফরয দায়িত্ব। বিদ্রোহ করার ক্ষেত্রে তাদের শক্তি সামর্থ্য যথেষ্ট পরিমাণ না থাকলে তাদেরকে সহযোগিতা করা বিশ্বের অপরাপর মুসলমানদের উপর ফরয। এ ভূখণ্ডকে

কাফের মুরতাদদের হাত থেকে রক্ষা করার আগ পর্যন্ত এ ফরয দায়িত্ব থেকে নিস্তার পাওয়ার কোন সুযোগ নেই। যার ফলে এ ক্ষেত্রে জিহাদের জন্য অনেক দীর্ঘ সময় নেয়ারও কোন সুযোগ নেই।

গ) যে ভূখণ্ডগুলোতে আল্লাহর বিধান কখনো বাস্তবায়ন হয়নি সে দেশগুলো মূল থেকেই দারুল হারব। সেগুলোর বিরুদ্ধে জিহাদ পরিচালনার তাৎক্ষণিক ফরয কোন বিধান নেই। ইমারাতে ইসলামিয়া তার শক্তি সামর্থ্য অনুযায়ী কুফরের ভূখণ্ডগুলোর উপর হামলা করতে করতে এগিয়ে যাবে এবং পৃথিবী থেকে কুফর শিরককে নিশ্চিহ্ন করে ইসলামের পতাকা উড্ডীন করার চেষ্টা চালিয়ে যাবে। এ ক্ষেত্রেও জিহাদ করার জন্য অনেক দীর্ঘ সময় নেয়ার যৌক্তিক কোন কারণ নেই।

তবে এ ধরনের দেশে যেসব মুসলমান অবস্থান করছে, তাদের বিষয়ে কিছু কথা রয়েছে। এ ভূখণ্ডগুলো যেহেতু মূল থেকেই দারুল হারব তাই এসব দেশে মুসলমানদের অবস্থান বৈধ নয়। তারা দুই অবস্থায় এসব দেশে অবস্থান করতে পারে।

এক. হয়ত তারা এমন পর্যায়ের দুর্বল যে তারা অন্যত্র যাওয়ার শক্তি রাখে না। এ দুর্বলতাও বিভিন্ন রকমের হতে পারে।

দুই. তারা এসব দেশে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার জন্য জিহাদের প্রস্তুতি গ্রহণ করবে। সে প্রস্তুতি দিয়ে হয়ত নিজেরাই এমন শক্তি অর্জন করবে যা দিয়ে কুফর শিরককে পদানত করে ইসলামী ইমারাহ প্রতিষ্ঠা করা যায়। অথবা অন্যত্র অবস্থিত ইমারাতে ইসলামীকে এসব দেশে আক্রমণ করার জন্য সহযোগিতা দেয়ার প্রস্তুতি নেবে। এ প্রস্তুতির ক্ষেত্রে একটি দীর্ঘ সময়ের প্রয়োজন হয়ে থাকে। তবে এ দীর্ঘ সময়টি শুধুই অপেক্ষার জন্য নয়; বরং তা সুনির্দিষ্ট লক্ষ্যভিত্তিক সামরিক প্রস্তুতির জন্য।

আলোচ্য পারচায় যদি এ পদ্ধতির জিহাদের জন্য দীর্ঘ সময়ের কথা বলা হয়ে থাকে তাহলে এর জন্যও একটি টাইমফ্রেম থাকা উচিত বলে আমি মনে করি। যুগের পর যুগ শুধু প্রস্তুতি চলতেই থাকবে এমন প্রস্তুতি শরীয়তের উদ্দেশ্য নয়। আর যদি মারকায কতৃপক্ষের কাছে এ ছাড়া অন্য কোন পদ্ধতির অভিজ্ঞতা থেকে থাকে তাহলে তা আমাদের সামনে এসে গেলে আমরা উপকৃত হব ইনশাআল্লাহ।

বিশ) বলা হয়েছে: কিছু মানুষ কিছু সংক্ষিপ্ত রাস্তা আবিষ্কার করেছে এবং তাকেই তারা জিহাদ নাম দিয়ে বসেছে। (بعض لوگ كچھ مختصر طريقے ايجاد كئے اور انهي كو جهاد كا نام دے دیا)

নিবেদন হচ্ছে, বর্তমানে বিশ্বব্যাপী চলমান জিহাদের যে ছক আমাদের সামনে আছে, তা কোন সংক্ষিপ্ত পথ নয়। জিহাদের জন্য বাহ্যত ব্যঙ্গাত্মক ও তুচ্ছ-তাচ্ছিল্যপূর্ণ যেসব শব্দ এখানে ব্যবহার করা হয়েছে সেগুলোর কোনটিই আসলে বিশ্বব্যাপী চলমান জিহাদের ক্ষেত্রে ব্যবহৃত হওয়ার সুযোগ নেই। বিশ্বের সম্মিলিত কুফরী শক্তির বিরুদ্ধে সরাসরি ময়দানে যারা লড়াই করে চলেছেন তারা সংক্ষিপ্ত কোন পথকে জিহাদ নাম দেননি। তারা জিহাদ করে চলেছেন। তাদের সে কাজের কী নাম দিতে হবে এ নিয়ে গবেষণা করার সময়ও তাদের নেই। তারা নুসূসের আলোকে অর্পিত নিজের ফরয দায়িত্ব আদায় করে চলেছেন। আদায় করে চলেছেন কুরআন হাদীস নির্দেশিত পন্থায়। বিশ্বব্যাপী তাদের এসব কাজের কী মূল্যায়ন অবমূল্যায়ন চলছে তা নিয়ে ভাবার মত সময়ও তাদের নেই।

এখন কথা থেকে যায় জিহাদের মূল রণাঙ্গনের বাইরে জিহাদের শিরোনামে যে কর্মকান্ডগুলো ঘটে থাকে সেগুলোর মূল্যায়ন অবমূল্যায়ন। আলোচ্য পারচায় সম্ভবত সে কর্মকান্ডগুলোর দিকে বিশেষভাবে ইঙ্গিত করা হয়েছে। এ প্রসঙ্গে আমার কয়েকটি নিবেদন:

ক) মূল রণাঙ্গনে চলমান জিহাদের একটি অবিচ্ছেদ্য অংশ হচ্ছে গ্লোবাল জিহাদ। তাতে যেমনিভাবে একটি নির্দিষ্ট

ভূখণ্ডে ইমারাতে ইসলামিয়াকে প্রতিষ্ঠিত করা এবং তা টিকিয়ে রাখার সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে, তেমনিভাবে পৃথিবীব্যাপী কুফরী শক্তির হাতে নির্যাতিত মুসলমানদের উদ্ধার এবং মুসলামনদের হারানো ভূখণ্ডগুলো পুনরুদ্ধারের চেষ্টা চলছে। দু'টি কাজ একই সূত্রে গাঁথা। একই নিয়ন্ত্রণে পরিচালিত।

কাফিরদেরকে তাদের ভূমিতে আঘাত করার পেছনে তাদের অর্থনীতিকে দুর্বল করা, রাজনৈতিক সংহতি নষ্ট করা, সামাজিক মেরুকরণ বৃদ্ধি করা, মুসলিমদের বিরুদ্ধে কার্যকর তাদের বিশেষ কোনো বিভাগকে দুর্বল করা এবং তাদের ভীতসন্ত্রস্ত করাসহ বিভিন্ন উদ্দেশ্য কাজ করে। এমন ভাবা সমীচিন নয় যে নিছক এলোমেলোভাবে এসব হামলা করা হয়। নির্দিষ্ট সমরনীতি ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা অনুযায়ীই এগুলো হয়ে থাকে, এবং এগুলোর ব্যাখ্যাও বিভিন্ন সময় বিভিন্ন আঙ্গিকে উপস্থাপন করা হয়েছে। উল্লেখ্য, এ বিষয়গুলো যুদ্ধের ইতিহাসে নতুন কিছু নয়।

যারা সবকিছু কুরবান করে বিশ্ব কুফরী শক্তির বিরুদ্ধে দশকের পর দশক যুদ্ধ চালিয়ে যাচ্ছেন, তারা হুটহাট খেয়ালখুশি মতো নানা কাজ করে বসেন, এমন ধারণা করা সঠিক না। যুদ্ধের কৌশল সম্পর্কে সকলে একইভাবে

ওয়াকিবহাল না হওয়া স্বাভাবিক। তবে একজনের বুঝের সীমাবদ্ধতা আরেকজনের গলদ হবার দলিল না।

বিশ্বব্যাপী সংঘটিত জিহাদী কর্মকান্ডগুলোর যেগুলো আলোচ্য এ কাফেলা কর্তৃক পরিচালিত সেগুলো সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, আমরা যারা এ ময়দান থেকে সহস্র ক্রোশ দূরে অবস্থান করছি, তারা এসব বিষয়ে মন্তব্য করা থেকে বিরত থাকাই সবচাইতে বেশি নিরাপদ। যে ঘটনাগুলো দীর্ঘ পরিকল্পনার একটি ছোট্ট বহিঃপ্রকাশ মাত্র, সে ছোট্ট বহিঃদৃশ্যের উপর হাজার গবেষণা করেও আমরা সঠিক মন্তব্য করতে পারব না। আমাদেরকে বিশ্বাস করতে হবে যে, একটি প্রতিষ্ঠিত ইসলামী ইমারাহ এবং গ্লোবাল জিহাদের নিয়ন্ত্রণকারী কাফেলার কাছে ইলমের উপাদান ও উপকরণ পর্যাপ্ত পরিমাণে আছে। উপরন্তু তাদের কাছে রয়েছে সে ইলমকে বাস্তবায়ন করার আমলী ক্ষেত্র। যে আমলী ক্ষেত্র থাকলে ইলমের কোন তালেব সহজে তার সবক ভুলে যায় না।

খ) দেখা যায় কোন একটি দেশের একটি পাঁচতারা হোটেলে আক্রমণ করা হয়েছে এবং সে আক্রমণে শতশত আল্লাহর দুশমন নিহত হয়েছে। আমরা আমাদের খানকাহে, দরসগাহে ও গণতান্ত্রিক বক্তৃতার মঞ্চে বলে চলেছি, ইসলাম নির্দোষ নিরীহ মানুষদেরকে মারতে বলেনি, আমীরের হুকুম ছাড়া

যেখানে সেখানে হামলা করতে বলেনি, এভাবে আতঙ্ক সৃষ্টি করার অনুমতি দেয়নি, এটা কোন জিহাদ নয়, ইসলামে একটি কুকুর বিড়ালকে কষ্ট দিতে নিষেধ করা হয়েছে, ইসলামে গাছের একটি পাতা পর্যন্ত ছিড়তে নিষেধ করা হয়েছে। ইত্যাদি ইত্যাদি।

এমন সীমাবদ্ধ গণ্ডিতে আবদ্ধ ব্যক্তিরা এসব মন্তব্য করে থাকে, যারা জীবনে জানতেও পারবে না যে, যাদেরকে মারা হয়েছে তারা আল্লাহর প্রকাশ্য দুশমন, তারা নির্দোষ নয়। তারা নিরীহ নয়, আমীরের হুকুমেই তাদেরকে মারা হয়েছে এবং আল্লাহর দুশমনদের মনে আতঙ্ক সৃষ্টি করার জন্য মারা হয়েছে। তারা কখনো জানতে পারবে না এবং বিশ্বাসও করবে না যে, এই নরাধমগুলো পাঁচতারায় বসে মুসলিম নিধনের হিসেব কষছিল এবং আমাদের মা বোনদের ইজ্জত আব্রু বণ্টন করছিল। তারা কখনো জানতে পারবে না যে, এটি দীর্ঘ পরিকল্পনাভিত্তিক জিহাদের ছোট্ট একটি অংশ, যে দীর্ঘ পরিকল্পনার সঙ্গে পরিচিত হওয়ার বা তার বাস্তব তথ্য উপাত্ত জানার সুযোগ হয়তো তাদের নেই।

যারা কাফের মুশরিক ও ফাসেকদের সাক্ষ্য ও খবরের ভিত্তিতে মুসলমানদের ভুল-শুদ্ধ নির্ণয় করতে বেশি আগ্রহী, যারা বিবিসি- সিএনএন- রয়টার্স – আল জাযিরা- বিটিভি ইত্যাদিকে ثقة ثقة ثبت ও ثقة মনে করে, তারা কখনো

জানতে পারবে না যে, যারা হামলা করেছে, তাঁরা কারা আর যাদের উপর হামলা করা হয়েছে তারা কারা এবং কোন প্রেক্ষিতে তাদের উপর হামলা করা হয়েছে।

গ) কখনো এমন হয় যে, কেন্দ্রীয় কোন পরিচালনা ব্যতীত আঞ্চলিক কোন মুজাহিদ বাহিনীর হাতে এমন ঘটনা ঘটে থাকে। এমন ক্ষেত্রে সাধারণ নীতিমালার আলোকে হয়ত মন্তব্য করা যায় যে, এ হামলাটি সঠিক হয়নি। কিন্তু কর্মকান্ডটি যাদের হাতে ঘটেছে তাদের কাছ থেকে তথ্য সংগ্রহ না করে, হামলার প্রেক্ষাপট সম্পর্কে বিস্তারিত না জেনে, ভুলের চূড়ান্ত সিদ্ধান্ত দেয়া উচিত নয়। আর শুধু সাধারণ নীতিমালার আলোকে কর্মকান্ডটিকে ভুল সাব্যস্ত করে তার বিরুদ্ধে অবস্থান গ্রহণ করার তো প্রশ্নই আসে না।

ঘ) অনেক ক্ষেত্রে এমন হয় যে, ওয়াজিবুল কাতল কোন মুরতাদ ব্যক্তি বা মুরতাদ দলকে কোন ব্যক্তি বা কাফেলা হত্যা করে। যে হত্যার জন্য ইসলামী খেলাফত বা ইসলামী বিচারালয়ের সিদ্ধান্তের প্রয়োজন হয় না। সেটি একটি হত্যাই মাত্র। যে হত্যা বৈধ হওয়ার পাশাপাশি কাম্যও। কিন্তু তা জিহাদ নয়। সংশ্লিষ্ট ব্যক্তিরা তাকে জিহাদ বলে প্রচারও করেন না। সর্বোচ্চ হত্যার দায় স্বীকার করেন, যেন

অপরাধীরা সতর্ক হয়ে যায়। এটাকে তারা জিহাদও মনে করে না, জিহাদের কোন সংক্ষিপ্ত রাস্তাও মনে করে না।

এ হচ্ছে আমাদের জানামত কিছু অবস্থা ও পরিস্থিতি।

ঙ) এরই বিপরীত এমন হতে পারে যে, জিহাদের দীর্ঘসূত্রিতার আশংকায় কেউ সংক্ষিপ্ত কোন পথ আবিষ্কার করে সে পথকে জিহাদ নাম দিয়ে এ গুরুত্বপূর্ণ ফরয দায়িত্বটি আদায় করতে চায়, মারকাযুদ দাওয়া থেকে প্রচারিত এ পারচায় যেদিকে ইঙ্গিত করা হয়েছে। এ ধরনের কোন ব্যক্তি বা কাফেলা সম্পর্কে আমার জানা নেই। মারকায যেহেতেু লিখেছে তাই এ ধরনের ব্যক্তি ও কাফেলা সম্পর্কে মারকাযের কাছে তথ্য থাকবে এটাই স্বাভাবিক। মারকায যদি এদেরকে চিহ্নিত করে দেয় এবং তাদের সম্পর্কে আমাদেরকে করণীয় বাতলে দেয়, তাহলে আমরা কৃতজ্ঞ থাকব।

একুশ) বলা হয়েছে: এছাড়া এসব পন্থার বিষয়ে তাদের অভিজ্ঞতা ও রায় পরিবর্তন হতে থাকে। (پھر ان طریقوں کے بارے میں خود ان کا تجربہ یا رائے بدلتا بھي رھا ھے)

নিবেদন হচ্ছে, যে কাজের সঙ্গে প্রতিদিনের পরিবর্তিত পৃথিবীর সম্পর্ক, হাজার রঙ্গের দুশমনের সঙ্গে লড়াইয়ের সম্পর্ক, যে কাজের ক্ষেত্র ফিকহের প্রচলিত চার

মাযহাবের অনুসারীদের একটি সম্মিলিত প্ল্যাটফর্ম, যে কাজটি প্রতিদিনের অভিজ্ঞতার সাথে সম্পর্কিত, সে কাজের ক্ষেত্রে কাজের যিম্মাদারদের সিদ্ধান্তের পরিবর্তন ও রায়ের পরিবর্তনের বিষয়টিকে এ পারচায় যে গুরুত্বের সঙ্গে উল্লেখ করা হয়েছে, তার কারণ বুঝে আসেনি। বিষয়টির প্রতি গুরুত্বের কারণ আরেকটু খুলে বলে দিলে আমাদের জন্য ভালো হত।

বাইশ) বলা হয়েছে: কোন কোন পদ্ধতি নিয়ে খোদ তাদের মাঝেও দ্বিমত সৃষ্টি হয়েছে যে, তাকে শরয়ী জিহাদ বলা যাবে কি যাবে না। (اور بعض طريقوں كے بارے ميں خود ان كے آپس ميں اختلاف بهي پيدا هوا كه اسے شرعي جهاد كها جا سكتا هے كه نهيں)

নিবেদন হচ্ছে, এ বিষয়েও আমার আগের কথাটাই আমি আবার বলব। একটি ফরয দায়িত্ব আদায় করতে গিয়ে হাজারটি ক্ষেত্রের কোন বিশেষ একটির বেলায় কি কাজের লোকদের পরস্পরে দ্বিমত হতে পারে না যে, এটি সঠিক? না কি বেঠিক? এতটুকু দ্বিমতের কারণে কি তাদের কাজটি মূল থেকেই অস্বীকার করা যাবে?

বেয়াদবি মনে না করলে আমি একটি উদাহরণ দেই। ইসলামের ইতিহাসের মহাপ্রলয়ঙ্করী কয়েকটি ঘটনার প্রতি

দৃষ্টি দিলে আমরা দেখতে পাব এমন দ্বিমত সেখানে ঘটে আছে। যেমন হোসাইন রাযিয়াল্লাহু আনহুর কারবালা, আলি-মুয়াবিয়া রাযিয়াল্লাহু আনহুমার জঙ্গে সিফফীন, আয়েশা সিদ্দীকা-তালহা-যুবায়ের-আলি রাযিয়াল্লাহু আনহুমের জঙ্গে জামাল ইত্যাদি ঘটনা ইসলামের ইতিহাসে ঘটেছে। সে ঘটনাগুলোর ক্ষেত্রে দ্বিমতটা এ পর্যায়েরই যে, ইসলামে যে জিহাদের ফরয দায়িত্ব দেয়া আছে এবং যে জিহাদের ফযীলত বলা আছে এগুলো সে জিহাদ নয়। একটি বিশেষ পদ্ধতি বা একটি বিশেষ রণক্ষেত্রের বিষয়ে যখন দ্বিমত হয়ে যাবে যে, তা শরীয়ত কর্তৃক অনুমোদিত কি না? তখন যে পক্ষ তাকে শরীয়ত কর্তৃক অনুমোদিত মনে করবে না সে পক্ষ তাকে শরয়ী জিহাদও বলবে না।

কিন্তু জিহাদে রত মুজাহিদগণের পরস্পরের এসব দ্বিমতকে পুঁজি করে যারা জিহাদ থেকে দূরে রয়েছেন, তারা কোথায় আঘাত করতে চান, তা বোঝা বড় মুশকিল। তা এমন কি গুরুত্বপূর্ণ বিষয় যে, এর উপর ভর করে পুরো জিহাদী কর্মকান্ডের উপর পানি মেরে দেয়া হবে এবং জিহাদের বর্তমানে চলমান কার্যক্রমগুলোকে ভুল প্রমাণিত করে দেয়া হবে? আমরা দেখেছি, গায়রে মুকাল্লিদরা মাযহাবের অনুসরণকে বাতিল বলে প্রমাণিত করার জন্য এ ধরনের দলিল দিয়ে থাকে। অথবা মারকায কর্তৃপক্ষের কাছে যদি

এর অন্য কোন মাহাত্ম্য নিহিত থাকে, তাহলে তা আমাদেরকে বিস্তারিত বলে দিলে আমরা উপকৃত হতাম।

তেইশ) বলা হয়েছে: কিছু শায ও চরমপন্থী রায়। যেমন একটি রায় হচ্ছে, আজকাল যেসব মুসলিম দেশ গণতন্ত্রের অধীনে চলে, যেখানে দেশের সংবিধান ও আইন মানবরচিত, যেখানে আদালত মানবরচিত আইনের আলোকে চলে সেসব দেশ দারুল হারব। (متعدد شاذ یا غلوآمیز آرا پر رکھا ھے، مثلا یہ نظریہ کہ آج کل کے مسلم ممالك جو دیمقراطي طریقے پر چلتے ھیں، جہاں دستور مملکت لوگو ں کا وضع کردہ ھے، جہاں عدالت قانون وضعي کے مطابق فیصلہ کرتي ھے وہ سب دار الحرب ھے)

নিবেদন হচ্ছে, ইসলামী শরীয়ার কিতাবাদিতে দারুল হারবের সংজ্ঞা এভাবেই করা হয়েছে। এরপরও এ রায়টি শায ও চরমপন্থী কেন হল বুঝতে পারিনি। যে দেশগুলো মানবরচিত গণতান্ত্রিক আইনে পরিচালিত হবে নিশ্চয় সে দেশগুলো ইসলামী আইনে পরিচালিত হবে না। শব্দ ও পরিভাষার দাবিও এটা, বাস্তবেও এটাই চলছে। আর দারুল হরবের সংজ্ঞায় বলা হয়েছে-

وعن أبي يوسف ومحمد رحمهما الله تعالى إذا أظهروا أحكام الشرك فيها فقد صارت دارهم دار حرب؛ لأن البقعة إنما تنسب إلينا أو إليهم باعتبار القوة والغلبة، فكل موضع ظهر فيه حكم الشرك فالقوة في ذلك الموضع للمشركين فكانت دار

حرب، وكل موضع كان الظاهر فيه حكم الإسلام فالقوة فيه للمسلمين.

-المبسوط .للامام شمس الدين السرخسي، مطابق لطبعة السعادة بمصر، الطبعة الاولى 1324هـ ج:10، ص:114. الشاملة

> *“ইমাম আবু ইউসুফ ও ইমাম মুহাম্মাদ রহ. থেকে বর্ণিত, যখন তারা শিরক; অর্থাৎ শিরকের বিধান প্রতিষ্ঠিত করে, তখন তাদের ভূখন্ড দারুল হারব হয়ে যায়। কারণ কোনো ভূখন্ড আমাদের দিকে কিংবা তাদের দিকে সম্বন্ধযুক্ত করা হবে তো ক্ষমতা ও বিজয়ের ভিত্তিতে। সুতরাং যেখানে শিরকের বিধান প্রতিষ্ঠিত হবে, স্বাভাবিকভাবেই বলা যায়, সেখানকার ক্ষমতাও মুশরিকদের হাতে। অতএব তা দারুল হারবই হবে। পক্ষান্তরে যেখানে প্রতিষ্ঠিত বিধান হবে ইসলামী বিধান, স্বাভাবিকভাবেই বলা যায়, সেখানকার ক্ষমতাও মুসলিমদের হাতে।”* - মাবসূতে সারাখসী

এরপরও এ রায়টি কেন শায ও চরমপন্থী রায় বিষয়টি বুঝতে খুবই কষ্ট হচ্ছে। এ রায়টিকে কেন এভাবে তুচ্ছ-তাচ্ছিল্য করা হচ্ছে? এ রায়টিকে শায বলার মত অবস্থা কি এখানে আছে? মারকায কর্তৃপক্ষ যদি আল্লাহর ওয়াস্তে

বিষয়টিকে খোলাসা করে দিতেন তাহলে আমরা খুব শুকরিয়া আদায় করতাম।

চব্বিশ) বলা হয়েছে: সেখানকার শাসকরা সবাই কাফের। (وهاں کے حکام بلا استثناء سب کافر هیں)

নিবেদন হচ্ছে, ইসলামী শরীয়তের কিতাবাদিতে ফকীহ, মুহাদ্দিস ও মুফাসসিরগণের সুস্পষ্ট বক্তব্য এভাবে উদ্ধৃত হয়েছে, যারা আল্লাহর বিধানকে পেছনে ফেলে রেখে গায়রুল্লাহর আইন দিয়ে ফায়সালা করবে, দেশ পরিচালনা করবে তারা কাফের, তাদের বিরুদ্ধে লড়াই করা ওয়াজিব। তারা কুরআনের ছোটবড় সকল বিষয়ে কুরআনের বিধানের দিকে ফিরে না আসা পর্যন্ত তাদের বিরুদ্ধে লড়াই চলতে থাকবে। বর্তমানের গণতান্ত্রিক দেশগুলোতে এর ব্যতিক্রম কোন চিত্র নেই। কুরআনের ভাষায় যাদেরকে তাগুত বলা হয়েছে তাদেরকে কাফের বলা কেন শায ও চরমপন্থী রায়, বিষয়টি কোনভাবেই বোধগম্য নয়। মারকায কর্তৃপক্ষ যদি এ বিষয়গুলোতে আমাদের প্রতি একটু সদয় দৃষ্টি দিতেন! দলিলের আলোকে বিষয়গুলো পরিষ্কার করে দিতেন!

পঁচিশ) বলা হয়েছে: এসব শাসক (যাদেরকে কাফের বলা হয়েছে) যদি কোন অমুসলিমকে ভিসা দেয় তাহলে ভিসাধারী নিরাপত্তাচুক্তির আওতায় আসবে না। (وہ حکام کسي غیر

مسلم کو ویزا دے یہ ویزا استئمان اور معاهده کے حکم میں نہیں آئے گا)

নিবেদন হচ্ছে, ইসলামী শরীয়তের কিতাবাদিতে আমান বা নিরাপত্তা প্রদানের যে মাসআলাটি রয়েছে তা এরকম, দারুল হারবের কোন কাফের দারুল ইসলামের শাসকের কাছ থেকে নিরাপত্তা গ্রহণ করে দারুল ইসলামে প্রবেশ করলে কাফের লোকটি যতক্ষণ পর্যন্ত তার কৃত ওয়াদা ভঙ্গ করবে না ততক্ষণ পর্যন্ত সে সকল মুসলমানের পক্ষ থেকে নিরাপত্তা পাওয়ার অধিকার রাখবে। তার জান মাল রক্ষা করা মুসলমানদের দায়িত্ব হবে।

এ পর্যায়ে কয়েকটি বিষয় হচ্ছে,

১. এ ভিসা দারুল ইসলামের আমীরুল মুমিনীনের পক্ষ থেকে দারুল হারবের কাফেরকে দেয়া নিরাপত্তা নয়।

২. এ ভিসা হচ্ছে কাফেরের পক্ষ থেকে কাফেরকে দেয়া নিরাপত্তা।

৩. কোন শাসকের মাঝে যখন কুফরে বাওয়াহ পাওয়া যায় তখন সে শাসক স্বয়ংক্রিয়ভাবে ক্ষমতাচ্যুত হয়ে যায় এবং তার কোন আইন ও চুক্তি প্রজাদের উপর বর্তায় না।

৪. শাসক যখন আল্লাহর আইনকে পেছনে ফেলে দিয়ে গায়রুল্লাহর আইনকে গ্রহণ করার মাধ্যমে কাফের হয়ে গেছে তার আনুগত্য থেকে বারাআতের ঘোষণা দেয়া এবং তার বিরুদ্ধে বিদ্রোহ করা প্রত্যেক মুসলমানের উপর ওয়াজিব।

এমতাবস্থায় এ কাফের শাসক অন্য কাফেরকে ভিসা দিলে মুসলমানদের উপর তা নিরাপত্তা চুক্তি হিসাবে বর্তাবে কেন? কাফেরের দেয়া নিরাপত্তা রক্ষা করা মুসলমানের দায়িত্ব নয় বলে ফাতওয়া দেয়া হলে তা শায ও চরমপন্থী রায় হবে কেন? বিষয়গুলো কেমন যেন এলোমেলো হয়ে গেছে। মারকায কর্তৃপক্ষ যদি বিষয়গুলোর একটু দলিলের আলোকে সুরাহা করে দিতেন।

ছাব্বিশ) বলা হয়েছে: এমন ভিসাধারীর উপর আক্রমণ করলে এর দ্বারা চুক্তিভঙ্গ হবে না। (حامل ویزا اس شخص پر بھي حملہ کردے تو یہ نقض عہد نہیں ہوگا)

নিবেদন হচ্ছে, কাফেরের সঙ্গে কাফেরের চুক্তি মুসলমান কেন রক্ষা করতে যাবে? কাফেরের কৃত চুক্তির আনুগত্য করা মুসলমানের উপর কেন জরুরী হবে? অতএব যদি ফাতওয়া দেয়া হয়, যেমনিভাবে কুফরে বাওয়াহ প্রকাশ পাওয়ার পর মুসলমাদের উপর এ কাফের শাসকের বিরুদ্ধে

বিদ্রোহ করা জরুরী তেমনিভাবে তার কৃত সকল চুক্তি থেকে বারাআতের ঘোষণা দেয়াও জরুরী। কোন হরবীকে হত্যা করতে এখানে তার জন্য কোন বাধা নেই। চাই সে হারবী কোন কাফের শাসক থেকে নিরাপত্তা নিয়ে আসুক বা না আসুক। এভাবে ফাতওয়া দেয়া হলে এ ফাতওয়া শায ও চরমপন্থী রায় হবে কেন? বিষয়টি বোধগম্য নয়।

এ পর্যায়ে মারকায কর্তৃপক্ষের কাছে জানার বিষয় হচ্ছে, শরয়ী যে কোন বিষয় মুজতাহাদ ফীহি হলে সেখানে দ্বিমত হতে পারে। কিন্তু দ্বিমত হওয়ার পর প্রতিপক্ষের দলিলনির্ভর রায়কে শায ও চরমপন্থী রায় বলা আদাবুল ইখতিলাফের বিচারে কতটুকু উচিত? আমাদের আবেদন হচ্ছে, বিষয়গুলোকে এমনভাবে খোলাসা করে দিন, যাতে আমাদের কোন সংশয় বাকি না থাকে। আল্লাহ আপনাদেরকে জাযায়ে খায়ের দান করুন।

সাতাশ) বলা হয়েছে: এভাবে জিহাদের মুহদাস ও মুখতাসার পদ্ধতি আবিষ্কারকারীরা (اس طرح جهاد کے محدث ومختصر طریقے ایجاد کرنے والوں)

নিবেদন হচ্ছে, একটি পক্ষ জিহাদের ফরয দায়িত্ব আদায় করে চলেছে, আরেকটি পক্ষ তাদেরকে সন্ত্রাসী বলে আখ্যায়িত করে চলেছে। মাঝখানে ইলমীভাবে প্রতিষ্ঠিত

একটি পক্ষ মুজাহিদগণকে গালি দেয়ার জন্য নতুন নতুন কিছু শব্দ ও পরিভাষা তৈরি করে দ্বিতীয় পক্ষের হাতে তুলে দিচ্ছেন। এর মাধ্যমে জিহাদ ও ইলমের কতটুকু যিম্মাদারী আদায় হচ্ছে বলে সংশ্লিষ্ট পক্ষ ধারণা করেন। উল্লেখ্য, ফরীদ উদ্দীন মাসউদ গোষ্ঠী সকল জিহাদী কাফেলাকেই সন্ত্রাসী বলে, আর ইলমের এ অঙ্গন বর্তমান প্রচলিত সকল জিহাদী কর্মকান্ডকে 'মুহদাস' 'মুখতাসার' 'মুনকার' 'গায়রে শরয়ী' ইত্যাদি বিশেষণে বিশেষিত করছে। পারচা থেকে আমরা এরকম বুঝেছি। এ বোঝার মধ্যে কোন ভুল থাকলে শুধরে দেবেন বলে আশা করছি।

আঠাশ) বলা হয়েছে: এদের কারো কারো দৃষ্টিতে জিহাদ আলাদা আলাদা প্রত্যেক মুসলমানের উপর ফরয। (بعض کے نزدیك جهاد هر مومن پر الگ الگ فرض هے)

নিবেদন হচ্ছে, একটি হুকুম যখন ফরযে আইন হয়, অথবা ফরযে কেফায়া হয় কিন্তু ফরযে কেফায়াটি কেউ আদায় করেনি তখন এ হুকুম আলাদা আলাদা প্রত্যেক ব্যক্তির উপরই তো আসার কথা। এটাতো কিছু লোকের কথা হওয়ার কথা নয়, এটাতো সবার কথা হওয়ার কথা। মারকায কর্তৃপক্ষের কাছে এর বিপরীত মাযহাব ও মত কী? জানতে পারলে সুবিধা হত।

অথবা মারকায কর্তৃপক্ষের উদ্দেশ্য এমন কি না যে, আলাদা প্রত্যেকের দায়িত্ব হলেও তা এককভাবে আদায় করার মত কোন দায়িত্ব নয়; বরং সম্মিলিতভাবে তা আদায় করতে হয়। কিন্তু মুহদাস পদ্ধতির জিহাদের লোকেরা একা একাই জিহাদের দায়িত্ব আদায় করতে বলে। পারচার উদ্দেশ্য এটা হলে এ বিষয়ে কিছু কথা আছে। কিন্তু পারচার এবারতের উদ্দেশ এটা মনে হয় না। কারণ পারচার পরবর্তী ইবারত হচ্ছে-

উনত্রিশ) বলা হয়েছে: (তারা বলে) প্রত্যেকে তার জন্য আলাদা জিজ্ঞাসিত হবে। (ہر ایك انفرادي طور پر اس کے لئے مسؤول ھے)

নিবেদন হচ্ছে, কোন ব্যক্তি যদি তার উপর অর্পিত ফরযে আইন আদায় না করে, অথবা একটি ফরযে কেফায় যদি কেউ আদায় না করে তাহলে পরকালে এ আমল তরককারীদেরকে আলাদা আলাদা জিজ্ঞাসা করা হবে? না কি জামাতবদ্ধভাবে জিজ্ঞাসা করা হবে? মুহদাস পদ্ধতির জিহাদের কিছু লোকের এ দাবির মাঝে কি ভুল হয়েছে তা আমি বুঝতে পারিনি। পারচাতেও এর কোন কারণ ব্যাখ্যা করা হয়নি।

ত্রিশ) বলা হয়েছে: (তারা বলে) এর জন্য আমীরুল মুমিনীনের অনুমতি শর্ত নয়। (اس کے لئے امیر المؤمنین کي اجازت شرط نہیں)

নিবেদন হচ্ছে, আমার জানামতে ফিকহের কিতাবাদিতে জিহাদের যে পর্বের ব্যাপারে বলা হয়েছে যে, আমীরুল মুমিনীনের অনুমতি লাগবে না, মুজাহিদগণ সে পর্বের ব্যাপারেই এ কথা বলেছেন। জিহাদের জন্য আমীরুল মুমিনীনের অনুমতি লাগবে না, মুতলাকভাবে এমন কথা মুজাহিদগণ বলেননি। এটা তাদের উপর অপবাদ, অথবা দুর্বল ও জাল ভিত্তিতে পাওয়া খবরের উপর নির্ভর করে এ কথা বলা হয়েছে।

একত্রিশ) বলা হয়েছে: যদি শর্ত হয়ও তখন আমীর যদি অদৃশ্যও হয়। (اگر شرط ہو بھي تو امیر اگرچہ غائب ہو)

নিবেদন হচ্ছে, আমার মনে হয়েছে 'আমীরে গায়েব' বলে যেন গালি দেয়া হচ্ছে। হুজুর আমীরে গায়েব বলে কী বোঝাতে চান? গ্লোবাল জিহাদের আমীর তো কোন অদৃশ্য আমীর নয়। মাজহুল কোন আমীর নয়। নিরাপত্তার জন্য যদি আমীর সংরক্ষিত এলাকায় অবস্থান করেন বা সর্বসাধারণের মুখোমুখি না হন তাহলে তাঁকে আমীরে গায়েব বলা হবে এবং এ ধরনের আমীর জিহাদ পরিচালনা করতে পারবেন

না, এমন কোন তথ্য আমার জানা নেই। গায়েব ও হাজেরের মাপকাঠি এবং এ বিষয়ক মাসআলাগুলো একটু খুলে বললে আমরা উপকৃত হতে পারতাম।

বত্রিশ) বলা হয়েছে: (তারা বলে) যদি বলিষ্ঠ শক্তির অধিকারী নাও হয় তবু আমীরে গায়েবের নামে (قوت قاهره سے محروم هو پهر بهي اس امير غائب کے نام پر)

নিবেদন হচ্ছে, এ বিষয়ে এর আগে প্রসঙ্গক্রমে দু'টি কথা বলা হয়েছে। এক. বলিষ্ঠ শক্তি অর্জিত হওয়ার পদ্ধতি কী? দুই. জিহাদের সকল প্রকারের জন্য বলিষ্ঠ শক্তিসম্পন্ন ইমারাতে ইসলামিয়া থাকতে হবে এমন কথা ইসলামী শরীয়তের কিতাবাদিতে আছে বলে আমার জানা নেই। বাকি থাকলে তা গ্রহণ করতে আমাদের কোন সমস্যা নেই। আর আমীরে গায়েবের গালিটা জিহাদের ময়দানের সাথীদেরকে অনেক কষ্ট দেয়। এ ধরনের গালি থেকে বিরত থাকার জন্য জোড়হাতে অনুরোধ করছি।

তেত্রিশ) বলা হয়েছে: (তারা বলে) যেকোন দেশে (کسي بهي ملك ميں)

নিবেদন হচ্ছে, এ দাবিগুলো যদি কোন ফাসেকের খবরের ভিত্তিতে না হয়ে থাকে, তাহলে তা জিহাদের ময়দানের মহান ব্যক্তিবর্গের উপর প্রকাশ্য ইফতিরা ও অপবাদ।

চৌত্রিশ) বলা হয়েছে: (তারা বলে) যেকোন জায়গায় (كسي بهي مقام پر)

এ দাবিগুলো যদি কোন ফাসেকের খবরের ভিত্তিতে না হয়ে থাকে, তাহলে তা জিহাদের ময়দানের মহান ব্যক্তিবর্গের উপর প্রকাশ্য ইফতিরা ও অপবাদ।

পয়ত্রিশ) বলা হয়েছে: (তারা বলে) যেকোন ব্যক্তির উপর (كسي بهي شخص پر)

এ দাবিগুলো যদি কোন ফাসেকের খবরের ভিত্তিতে না হয়ে থাকে, তাহলে তা জিহাদের ময়দানের মহান ব্যক্তিবর্গের উপর প্রকাশ্য ইফতিরা ও অপবাদ। কোন ধরনের তথ্যের ভিত্তিতে এত গুরুত্বপূর্ণ একটি পারচায় এ দাবিটি করা হয়েছে বুঝতে পারছি না।

ছত্রিশ) বলা হয়েছে: হামলা চাই বিস্ফোরণ পদ্ধতিতে হোক (حمله چاهے تفجيري نوعيت کي هو)

নিবেদন হচ্ছে, জিহাদের ক্ষেত্রে যদি বিস্ফোরণ পদ্ধতি অবৈধ পদ্ধতি হয়ে থাকে, তাহলে কোন ধরনের অস্ত্র ব্যবহার বৈধ এবং কোন ধরনের অস্ত্র ব্যবহার করা অবৈধ তার তালিকা অথবা কোন মূলনীতির ভিত্তিতে বৈধ-অবৈধ নির্ধারিত হবে তার বিস্তারিত আলোচনা এসে গেলে আমাদের জন্য সহজ হবে। আল্লাহর দুশমনদেরকে কোন ধরনের অস্ত্র দিয়ে হত্যা করা বৈধ এবং কোন ধরনের অস্ত্র দিয়ে হত্যা করা বৈধ নয় সে ব্যাপারে সুনির্দিষ্ট উত্তর থাকা দরকার। কারণ এখন অস্ত্রের প্রকার অসংখ্য।

ফিকহের কিতাবাদিতে জিহাদের ক্ষেত্রে নির্দিষ্ট কোন অস্ত্র, প্রযুক্তি বা কৌশলের ব্যবহার অবৈধ হওয়ার ব্যাপারে কিছু আমরা পাইনি। পাশাপাশি আমরা দেখেছি, বর্তমান পৃথিবীতে প্রতিটি বাহিনী, তা রাষ্ট্রীয় সেনাবাহিনী হোক কিংবা অন্য কোন সশস্ত্র বাহিনী হোক, বিভিন্ন ধরণের বিস্ফোরক বিভিন্নভাবে ব্যবহার করে থাকে। আধুনিক বিমানবাহিনীর হামলা প্রায় পুরোপুরিভাবে বিভিন্ন রকমের বিস্ফোরক নির্ভর। সেই সাথে এটা বলাও ভুল হবে না যে আধুনিক যুদ্ধের বিশাল একটি অংশ বিস্ফোরক দিয়েই হয়, তা বিমানের ফেলা বোমা হোক, আর্মির পাতা ল্যান্ডমাইন হোক, নৌ বাহিনীর ছোড়া মিসাইল হোক কিংবা হোক সৈনিকের ব্যবহার করা রকেট লঞ্চার। এসব ক্ষেত্রে এতো বছর ধরে বিস্ফোরকের ব্যবহার নিয়ে কোন শর'ঈ আপত্তি এসেছে বলে

আমাদের জানা নেই। উপরন্তু, যাদের জিহাদকে বৈধ বলে পারচাতে ইঙ্গিত দেয়া হয়েছে, সেই তালিবান এবং হামাসের যুদ্ধও ব্যাপকভাবে বিস্ফোরক নির্ভর। এ সংক্রান্ত যথেষ্ট তথ্য প্রমাণ বিদ্যমান আছে। কাজেই বিস্ফোরক সংক্রান্ত আপত্তির ব্যাপারটি পরিষ্কার না। যদি বিস্ফোরক কিংবা অন্য কোন অস্ত্র ব্যবহারের ব্যাপারে কোন শর'ঈ নিষেধাজ্ঞা পাওয়া গিয়ে থাকে, তাহলে সেই নিষেধাজ্ঞা, অথবা মূলনীতি অথবা বৈধ-অবৈধ যুদ্ধাস্ত্রের তালিকা জানানো দরকার। কারণ এমন কোন আলোচনা আমরা ফিকহের কিতাবাদিতে পাইনি।

সাইত্রিশ) বলা হয়েছে: চাই তা যদি গুপ্তহত্যার মাধ্যমেও হয় (اور چاهے اغتيال کے طورپر هي کيوں نه هو)

নিবেদন হচ্ছে, ইসলামী শরীয়াহ অনুযায়ী যাদের হত্যা করা বৈধ, কিংবা যারা ওয়াজিবুল কতল, তাদের ক্ষেত্রে কি গুপ্তহত্যা শরীয়াতে হারাম? আমরা আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সীরাত এবং ফিকহের কিতাবাদিতে বরং উল্টোটাই দেখেছি। আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সরাসরি নির্দেশেও একাধিক গুপ্তহত্যার প্রসিদ্ধ ঘটনার কথা সীরাত থেকে জানা যায়। পরবর্তীতেও মুসলিমদের মাঝে একটি বৈধ যুদ্ধকৌশল হিসাবে এটি ব্যবহৃত হয়েছে। কাজেই গুপ্তহত্যার ব্যাপারে

আপত্তির বিষয়টি শর'ঈ দৃষ্টিকোণ থেকে আমাদের কাছে পরিষ্কার না। এ ব্যাপারে বিস্তারিত দালীলিক আলোচনা আসলে হয়তো আমাদের জন্য বোঝা সহজ হবে।

